শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(মনিটরিং-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৯৯.০১৬.০১.০১.০০৫.২০১৩ (অংশ-১)-৩৪৬

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮ / ১০ অক্টোবর ২০২১

**বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৯ তথাঃ তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষনের জন্য গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | মিজ্ স্মৃতি কর্মকার<br>যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন) ও সভাপতি, তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা পরিবীক্ষণ কমিটি, স্থানীয় সরকার বিভাগ। |
| তারিখ ও সময় | ০৭.১০.২০২১ সকালঃ ১১.০০ টা। |
| সভার স্থান | কক্ষ নং-১১৭, ২য় তলা, ভবন -৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট-'ক'

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের সাথে স্থানীয় সরকার বিভাগের সম্পাদিত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী এপিএ'তে তথ্য অধিকার বিষয় সরাসরি সম্পৃক্ত হয়েছে। এপিএ'তে মোট অর্জনযোগ্য ১০০ নম্বরের মধ্যে ৩ (তিন) নম্বর রয়েছে তথ্য অধিকার সংশ্লিষ্ট। তথ্য অধিকার বিষয়ে ২০২১-২০২২ অর্থবছেরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মসম্পাদন সূচকের মান ২৫। ২৫ নম্বরকে ৩ (ওয়েটেড স্কোর) নম্বর ধরে প্রকৃত অর্জিত নম্বর এপিএ'তে যুক্ত হবে। সভাপতি বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে কার্যক্রমগুলো বাস্তবায়ন করা গেলে এ '৩' নম্বরের পুরোটাই অর্জন করা সম্ভব। সভাপতি এ বিষয়ে কর্মপরিকল্পনা উপস্থাপনের জন্য এ বিভাগের তথ্য প্রদান ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব জনাব অনুপম বড়ুয়াকে অনুরোধ করেন।

জনাব অনুপম বড়ুয়া, উপসচিব (মনিটরিং-১) ও দায়িত্ব প্রদানকারি কর্মকর্তা, তথ্য প্রদান ইউনিট, তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, কর্মপরিকল্পনায় কর্মসম্পাদনের ক্ষেত্র অনুযায়ী প্রাতিষ্ঠানিক ও সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ৬টি কার্যক্রম রয়েছে। প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে ১টি কার্যক্রমের বিপরীতে ১০ নম্বর, সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে ৫টি কার্যক্রমের বিপরীতে ১৫ নম্বর নির্ধারিত রয়েছে। প্রাতিষ্ঠানিক ক্ষেত্রের কার্যক্রমটি তথ্য প্রদান ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদনযোগ্য। তবে সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ৫টি কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল শাখার কার্যকর সম্পৃক্ততা প্রয়োজন। তাছাড়া এ কমিটি বিষয়টি নিয়মিত ফলো-আপ করলে বাস্তবায়ন ত্বরান্বিত হবে মর্মে সভায় উল্লেখ করেন। সভায় উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশ নিয়ে গুরুত্বপূর্ণ মতামত সভায় তুলে ধরেন।

০২. বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান। | তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানসহ রেজিষ্টারে তা লিপিবদ্ধ করতে হবে এবং প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। | উপসচিব (মনিটরিং-১) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য প্রদান ইউনিট |
| ০২. | [১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা-২০১০ এর তফসিল-১ ও ২ অনুসরণপূর্বক স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য আগামী ৩০.১০.২০২১ তারিখের মধ্যে হালনাগাদ সম্পন্ন করতে হবে। | ১. সহকারি প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ<br>২.সহকারি মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার,স্থানীয় সরকার বিভাগ। |

| | | | |
|---|---|---|---|
| ০৩. | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | ১৫.১০.২০২১ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ১. যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন)<br>২. সহকারী প্রোগ্রামার স্থানীয় সরকার বিভাগ |
| ০৪. | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করণ | তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা-২০১০ এর প্রবিধি ৬ ও ৭ অনুসরণ পুর্বক ৩০.১১.২০২১ তারিখের মধ্যে প্রতিটি শাখায় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরীপুর্বক সংরক্ষণের জন্য সকল শাখা প্রধান বরাবরে পত্র প্রেরণ করতে হবে। | উপসচিব (মনিটরিং-১) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,তথ্য প্রদান ইউনিট |
| ০৫. | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ। | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সংক্রান্ত লিফলেট মুদ্রণ এবং এ বিভাগের আওতাধীন সকল দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানসমূহে তা প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ |
| ০৬. | [১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন। | তথ্য অধিকার বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে একটি করে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখঃ ১০.১০.২০২১খ্রিঃ
স্মৃতি কর্মকার
যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন) ও
সভাপতি,
তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা পরিবীক্ষণ কমিটি,
স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নং-৪৬.০৯৯.০১৬.০১.০১.০০৫.২০১৩ (অংশ-১)-৩৪৬/৫

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮ / ১০ অক্টোবর ২০২১

অনুলিপি কার্যর্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৩.উপসচিব (উপজেলা-২)/ইউপি-২ শাখা), অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৪. সিনিয়র সহকারী সচিব, (সমন্বয় ও কাউন্সিল)/নগর উন্নয়ন-২ শাখা।
৫. সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন)এর দপ্তর (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. অফিস কপি।

১০.১০.২০২১
অনুপম বড়ুয়া
উপসচিব
ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১
মোবাইল: ০১৭১২৭৭৩৩৫২
E-mail:mon1@lgd.gov.bd